



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস হাউস, মোংলা।

ই-মেইল-monglacustoms@gmail.com

-আদেশ-

কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি ১৪(২) অনুযায়ী “কোনো ব্যক্তি একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী হিসাবে ১(এক) টি লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন এবং অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার বা লিমিটেড কোম্পানিতে শেয়ার হোল্ডার হিসাবে সর্বোচ্চ ১ (এক) টি লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন।” একই বিধিমালায় বিধি ১৪(৩) মোতাবেক এই বিধিমালা জারির পূর্বে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একই অধিক্ষেত্র থেকে ভিন্ন নামে বা একই নামে একাধিক লাইসেন্স গ্রহণ করে থাকলে তা উক্ত বিধি ১৪(২) অনুযায়ী ০১ (এক) টি লাইসেন্স সচল রেখে অন্য লাইসেন্স বাতিল করার বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, পূর্বের বিধিমালা অনুযায়ী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে বা ভিন্ন নামে একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হয় এমন কোনো একাধিক সিএন্ডএফ লাইসেন্স থেকে থাকলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি ১৪(২) বাস্তবায়নের লক্ষ্যে একটি লাইসেন্স সচল রেখে অতিরিক্ত লাইসেন্স ও লাইসেন্স বুকলেট এ দপ্তরের লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সমর্পণ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে সমর্পণ করা না হলে লাইসেন্সিং কর্তৃপক্ষ স্বউদ্যোগে তা বাতিল করবেন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট লাইসেন্সের বিপরীতে রক্ষিত জামানত বাজেয়াপ্তযোগ্য হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০%

এইচ এম শরিফুল হাসান  
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস হাউস, মোংলা

নথি নং- এস/২৫/বিবিধ/লাইঃ/মোংলা/অংশ-১/২২/ ৩২৩৭

তারিখঃ 23 FEB 2020

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ০১। পিএটু কমিশনার, কাস্টমস হাউস, মোংলা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য এবং এ দপ্তরের দাপ্তরিক ওয়েবসাইটে প্রচার করার জন্য)।
- ০২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, মোংলা (এ দপ্তরের দাপ্তরিক ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
- ০৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, মোংলা কাস্টমস এজেন্ট এসোসিয়েশন, ১৯৮ এম এ বারি রোড, সোনাডাঙ্গা, খুলনা (সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। গ্রহণ প্রেরণ শাখা (নোটিশ বোর্ডে টানিয়ে দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
- ০৫। অফিস কপি।



এইচ এম শরিফুল হাসান  
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস হাউস, মোংলা